

তীব্র গরমে মাছ চাষীদের করণীয়

প্রাকৃতিক উৎসে মাছের উৎপাদন কমে যাওয়ার কারণে দিন দিন পুকুরে মাছ চাষ বৃদ্ধি পেয়েছে। গরমের দিনে মাছ চাষে বেশ কিছু সমস্যা দেখা যায়। আমরা জেনে নিব তীব্র গরমে মাছ চাষীদের করণীয় সম্পর্কে-

অত্যধিক গরমের কারণে মাছ চাষে নানাবিধ সমস্যা দেখা দিতে পারে। তীব্র গরমে মাছ চাষীদের করণীয় নিচে দেওয়া হল-

তীব্র গরমে মাছ চাষের সমস্যাসমূহঃ

- ১। তীব্র গরমের ফলে মাছ চাষের পুকুরে অক্সিজেনের সংকট দেখা দিতে পারে।
- ২। গরমের কারণে পুকুরের পানির তাপমাত্রা বৃদ্ধি পেলে মাছের প্রাকৃতিক খাদ্য নষ্ট হয়ে যেতে পারে।
- ৩। তাপমাত্রা বেশি থাকলে পুকুরের পানিতে অক্সিজেন দ্রবীভূত থাকার পরিমাণ অনেক কমে আসে।
- ৪। এ রকমের বিভিন্ন ধরনের সমস্যার মুখোমুখি হয়ে মাছ প্রথমে ভেসে ওঠে, এছাড়াও পরিবেশগত চাপ সহ্য করতে না পেরে মাছ মারাও যেতে পারে।

গরমে মাছ চাষীদের করণীয়ঃ

- ১। হররা টেনে পুকুরের তলার গ্যাস বের করে দিতে হবে।
- ২। ১০০-২০০ গ্রাম চুন, ১০০-২০০ গ্রাম লবণ এবং ৫০ গ্রামের মতো চিটাগুড় প্রয়োগ করলে রাসায়নিক সমস্যা থেকে সহজেই রেহাই পাওয়া যাবে।
- ৩। এ সময় বিশেষ পরিচর্যার মধ্যে অন্যতম হলো মাছের খাবার অর্ধেক কমিয়ে আনতে হবে।
- ৪। সম্ভব হলে পানি সরবরাহের ব্যবস্থা করা।
- ৫। অক্সিজেনের ঘাটতির জন্য শতকে ৩-৪টা করে অক্সিজেনের গ্যাস ট্যাবলেট প্রয়োগ করতে হবে।
- ৬। স্থায়ী সমাধান হিসেবে এরোটর সেট করতে হবে।
- ৭। পুকুরে সেচের মাধ্যমে পানি প্রবেশ করানো যেতে পারে।